

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং-৪৬.৪২.১০০০.০০০.১৪.০৬০.১৫. ৯৬৩

তারিখঃ ১৭/০৪/২০১৬।

বিষয় : ২০১৫-২০১৬ অর্থ বছরের বগুড়া জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রশিক্ষণ প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।


সূত্রঃ বগুড়া জেলা পরিষদের স্মারক নং-জেপব/১৭৩/স্কীম/২০১৫-২০১৬/৪৬২, তারিখঃ ১০/৩/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৫-২০১৬ অর্থ বছরের রাজস্ব তহবিলের আওতায় ৫,৪৭,৫০০/- (পাঁচ লক্ষ সাতচল্লিশ হাজার পাঁচশত) টাকায় গৃহীত ৩টি প্রশিক্ষণ প্রকল্প নিম্নে বর্ণিত শর্তে অনুমোদন দেয়া হলোঃ

ক্র: নং	প্রকল্পের নাম	মেয়াদ
১)	জেলার শিক্ষিত বেকার যুবক/যুব মহিলাদের বিউটিফিকেশন বিষয়ক প্রশিক্ষণ	১৫ দিন
২)	জেলার শিক্ষিত বেকার যুবক/যুব মহিলাদের এমব্রয়ডারী বিষয়ক প্রশিক্ষণ	১৫ দিন
৩)	জেলার শিক্ষিত বেকার যুবক/যুব মহিলাদের ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়ারিং বিষয়ক প্রশিক্ষণ	১৫ দিন

শর্তসমূহঃ

- ১) প্রশিক্ষণার্থী বাছাইয়ের জন্য বহুল প্রচলিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করতে হবে;
- ২) প্রশিক্ষণ প্রকল্প বাস্তবায়নের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়া, উপ পরিচালক, স্থানীয় সরকার, বগুড়া, উপজেলা নির্বাহী অফিসার, সদর, বগুড়া, সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, বগুড়া এর সমন্বয়ে কমিটি গঠন করতে হবে;
- ৩) বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্রসমূহ কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে প্রশিক্ষণার্থী নির্বাচন করে তাদের নামের তালিকা (জাতীয় পরিচয় পত্রের নম্বর উল্লেখসহ) মন্ত্রণালয় কে অবহিত রেখে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৪) সেলাই প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ কোর্স যুবসমূহ উন্নয়ন অধিদপ্তর পরিচালিত প্রশিক্ষণ পাঠক্রম অনুরূপে পরিচালনা করতে হবে;
- ৫) প্রশিক্ষকের সম্মানী প্রতি ক্লাসের জন্য অনধিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে প্রদান করা যাবে এবং প্রশিক্ষণার্থীগণযেহেতু বিনা মূল্যে প্রশিক্ষণের সুযোগ পাচ্ছেন সেহেতু তাদেরকে আর কোন সম্মানী/যাতায়াত বাবদ ভাতা দেয়া যাবেনা; প্রশিক্ষণার্থীদের নাস্তার জন্য সর্বোচ্চ প্রতিদিন ৫০.০০ (পঞ্চাশ) টাকা ব্যয় করা যাবে।


(জুবাইদা নাসরিন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, বগুড়া।

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী (অনুমোদিত প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। প্রশাসক, জেলা পরিষদ, বগুড়া।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।